



# ঢাকা কমার্স কলেজ

স্থাপিত - ১৯৮৯ খ্রিস্টাব্দ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৮৮০৩৩৯০৩, ৮৮০৩৭৩৫৭, ৮৮০৩৬৯৪২

e-mail: cdhakacommercecollege@yahoo.com Web: www.dcc.edu.bd

স্মারক নং :

তারিখ : ১৮/০৮/২০২৪

## অফিস বিজ্ঞপ্তি

ঢাকা কমার্স কলেজ একটি ঐতিহ্যবাহী ও ব্যতিক্রমী শিক্ষাপ্রতিষ্ঠান। এ কলেজের প্রাগশক্তি হলো নিয়ম-শৃঙ্খলা। শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষার্থে নিম্নলিখিত নিয়ম-শৃঙ্খলামূহ প্রত্যেক শিক্ষার্থীকে যথাযথভাবে মেনে চলতে হবে:

- কোন শিক্ষার্থী বিনা অনুমতিতে ঝাসে অনুপস্থিত থাকতে পারবে না। পরপর ৩ দিন অথবা মাসে অনিয়মিতভাবে ৩ দিন বিনা অনুমতিতে ঝাসে অনুপস্থিত থাকলে তার ভর্তি বাতিল করা হবে। পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ১ (এক) বার ১ মাসের টিউশন ফি প্রদান করে পুনৰ্ভৰ্তি হতে পারবে।
- কোন কারণে ঝাসে অনুপস্থিত থাকলে শিক্ষার্থীদেরকে স্ব-স্ব শিক্ষার্থী উপদেষ্টার নিকট হতে পরবর্তী দিনের ঝাস শুরুর পূর্বে অনুমতিপত্র নিয়ে ঝাসে প্রবেশ করতে হবে।
- সকাল ৭:৫৫ টার মধ্যে অবশ্যই কলেজে প্রবেশ করতে হবে। নির্দিষ্ট সময়ের পরে কোন শিক্ষার্থীকে কলেজে প্রবেশ করতে দেয়া হবে না। যথাসময়ে কলেজে প্রবেশে ব্যর্থ শিক্ষার্থীরা দ্রুত বাড়ি ফিরে যাবে, কলেজের সামনের রাস্তায় অথবা অলি-গলিতে অবস্থান করতে পারবে না।
- কলেজের অভ্যন্তরে মোবাইল ফোন বহন ও ব্যবহার সম্পর্কভাবে নিষিদ্ধ। শিক্ষার্থীর নিকট মোবাইল ফোন থাকলে তা আটক করা হবে। উক্ত আটককৃত মোবাইল ফোন শিক্ষাবর্ষ শেষ হবার আগে ফেরত দেওয়া হবে না।
- কলেজ প্রদত্ত স্বচ্ছ ব্যাগ ব্যবহার করা বাধ্যতামূলক। উক্ত ব্যাগ ছাড়া ঝাসে প্রবেশ নিষিদ্ধ। শিক্ষা সামগ্রী ছাড়া অন্য কোন সামগ্রী যেমন: পেন ড্রাইভ, ডিজিটাল ঘড়ি, শব্দ বা ছবি ধারণ করা যায় এমন ডিভাইস, MP<sub>3</sub>, CD, Camera ইত্যাদি কলেজে বহন ও ব্যবহার নিষিদ্ধ।
- ঢাকা কমার্স কলেজ একটি ধূমপানমুক্ত কলেজ। কলেজ বা কলেজের বাইরে কোন শিক্ষার্থীকে ধূমপানরত অবস্থায় পাওয়া গেলে বা তার সাথে নেশাজাতীয় কোন দ্রব্যাদি পাওয়া গেলে তাকে চূড়ান্তভাবে বিহিক্ষার করা হবে।
- শ্রেণিকক্ষে ব্রাদার্কৃত সিটে আসন গ্রহণ করতে হবে। অন্য কারো সিটে বসা যাবে না। অন্য কারো সিটে বসলে তাকে সেদিল অনুপস্থিত হিসেবে দেখানো হবে। প্রতি সঙ্গে রোটেশন পদ্ধতিতে প্রত্যেকের সিট আগে-পরে করা হবে।
- কলেজ ইউনিফর্ম পরিহিত অবস্থায় ফেসবুক বা অন্য কোন সামাজিক মোগাইয়েগ মাধ্যমে কোন প্রকার আপন্তিকর ছবি আপলোড করা যাবে না। এ ধরনের অভিযোগ পাওয়া গেলে তাকে কলেজ থেকে বিহিক্ষার করা হবে।
- কলেজের নিয়ম অনুযায়ী ইউনিফর্ম (শার্ট, প্যান্ট, জুতা, বেল্ট) পরিধান করে কলেজে প্রবেশ করতে হবে। ইউনিফর্ম ঠিক না থাকলে উক্ত শিক্ষার্থীকে কলেজে প্রবেশ করতে দেয়া হবে না।
- ছাত্রদের চুল ছোট রাখতে হবে। চুলে রং করা, নখ বড়ো রাখা, গলায় চেইন পরা, হাতে ব্রেসলেট পরা, চিপ ও ফ্যাশনেবল দাঢ়ি রাখা প্রত্যন্ত থেকে বিরত থাকতে হবে।
- ছাত্রীদের চুলে বয়কট, কালার, রঙিন ক্লিপ, ফিতা বা ব্যান্ড ব্যবহার নিষিদ্ধ। বড়ো চুলে বেণি করতে হবে। লিপস্টিক, লিপগ্লাস, নেইলপলিশ ও সকল প্রকার রঙিন প্রসাধনী ব্যবহার নিষিদ্ধ। কাজল, আইলাইনার, আইশ্যাডো, মাশকারা ব্যবহার নিষিদ্ধ। ন্যূন, পায়েল বা গহনা পরা নিষিদ্ধ।
- ঝাস চলাকালীন কোনো শিক্ষার্থী বারান্দা, কলেজ মাঠ, ক্যান্টিন, লাইব্রেরিতে অবস্থান করতে পারবে না।
- ব্যবসায় শিক্ষা শাখার ছাত্রীরা কাজী ফার্মকী ভবনের মাঝের ও দক্ষিণপাশের সিঁড়ি ব্যবহার করবে এবং ছাত্রীরা কাজী ফার্মকী ভবনের উত্তর পাশের সিঁড়ি ব্যবহার করবে।
- বিজ্ঞান শাখার ছাত্রীরা বিজ্ঞান ভবনের পূর্ব ও পশ্চিম পাশের সিঁড়ি ব্যবহার করবে এবং ছাত্রীরা বিজ্ঞান ভবনের লিফট সংলগ্ন মাঝের সিঁড়ি ব্যবহার করবে।
- কর্তৃপক্ষের নির্দেশ অনুসারে ঝাস ক্যাপ্টেনগণ দায়িত্ব পালন করবে ও ঝাসের শৃঙ্খলা বজায় রাখতে অন্যান্য শিক্ষার্থীরা ক্যাপ্টেনকে সহযোগিতা করবে।
- কলেজ প্রস্তুতিসের নিয়মাবলী ও ছাত্রী কল্যাণে দায়িত্বরত শিক্ষিকাদের নির্দেশাবলী যথাযথভাবে মেনে চলতে হবে।

সর্বেপরি শিক্ষার্থীদের যে-কোনো সমস্যার ব্যাপারে স্ব শিক্ষার্থী উপদেষ্টার সাথে যোঁগাযোগ করতে হবে।

অধ্যক্ষ  
ঢাকা কমার্স কলেজ

১৮/০৮/২০২৪